দৈনিক ইনকিলাব

তারিখ 02 JAN 1994
পৃষ্ঠা ৬ কলাম ৭


# S.S.C. ও H.S.C. পরীক্ষায় কমপিউটার পদ্ধতির কিছু তথ্য

নতুন বছর থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের দুটো ফরম পূরণ করতে হবে। একটি প্রচলিত পরীক্ষার 'আবেদন ফরম' অন্যটি পরীক্ষার্থীর তথ্য ফরম (SIF)। এটি কমপিউটারে তথ্য লিপিবদ্ধের কাজে ব্যবহার করা হবে। এ ফরমটিতে মোট ১৫টি ছক পূরণ করতে হবে। যে সব তথ্যাবলী পূরণ করতে হবে সেগুলো আবার মোটামুটি তিন ধরনের।


ক. দুটি নাম (পরীক্ষার্থীর নাম, পিতার নাম)
খ. কিছু সংখ্যা (রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, স্কুল/কলেজ কোড, জন্ম তারিখ, চতুর্থ বিষয়ের কোড)
গ. কিছু বাছাইকৃত তথ্য (বোর্ড, পরীক্ষার প্রকার, পুরুষ/মহিলা, পরীক্ষা, বিষয়সমূহের কোড ও গ্রুপ)

পূরণকৃত ফরমটি কমপিউটার নিয়ন্ত্রিত OMR দ্বারা পড়ানো হবে। ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য এবং ফরম স্কুল কলেজে পাঠানো হচ্ছে। ফরম পূরণের নিয়ম অনেকটা বিসিএস ফরম পূরণের মত।


*যেমন কারো রেজিস্ট্রেশন নম্বর যদি 62303 হয়, তবে SIF-এ সে তার রেজিস্ট্রেশন নম্বর পূরণ করবে নিচের চিত্রের অনুরূপে।*




*কারো জন্ম তারিখ 5/7/76 হলে SIF-এ সে তার জন্ম তারিখ পূরণ করবে নিচের চিত্রের অনুরূপে।*




*যেমন কারো নাম MD. ABDUR RAHMAN হলে সে তার নামটি পূরণ করবে নিচের চিত্রের অনুরূপে।*




বোঝার সুবিধার্থে বোর্ড অফিস থেকে প্রাপ্ত ফরমের কিছু ছক দেয়া হলো